

ঢাকা ওয়াসা

- ১। বোপাউপ্যার ২০২৫-২০২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা ও সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
- ২। প্ল্যান্ট লে-আউটের কপি, প্ল্যান্টের পূর্বের ওজোন জেনারেটরের বেসিক কারিগরী তথ্যাদি সংক্রান্ত কাগজপত্র।
- ৩। সার্ভে রিপোর্ট ও ওজোন জেনারেটরের বর্তমান অবস্থার চিত্র।
- ৪। আলোচ্য কাজের কোটেশন কপি।
- ৫। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয় : “শান্তি” বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের Ozone generator মেরামত কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। সংযুক্ত ক্রমিক নং- (১-৫) দেখা যেতে পারে। বর্তমানে বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টে দৈনিক প্রায় ৪০,০০০ লিটার পানি বোতলজাত করা হয়। বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের পিউরিফিকেশন সিস্টেমটি ১৩টি ধাপের পরিশোধন ইউনিট নিয়ে গঠিত। যার ১৩তম ধাপে ওজোন জেনারেটরটি অবস্থিত। পানি পরিশোধনে ওজোন গ্যাস মিশ্রণের ধাপটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ওজোন গ্যাস জীবাণুনাশক হওয়ায় পানিতে মিশ্রনে micro organisms গুলি ধ্বংস করার সাথে সাথে পানিতে দ্রবীভূত অক্সিজেনের পরিমাণ বৃদ্ধি করে দেয়। প্ল্যান্টে ব্যবহৃত ওজোন জেনারেটরটি Pacific Ozone, USA এর, যার ওজোন গ্যাস উৎপাদন ক্ষমতা ৪৫ গ্রাম/ঘণ্টা। গত মার্চ ২০২৬ থেকে জেনারেটরটিতে কয়েকবার সমস্যা পরিলক্ষিত হয়। সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে বিভিন্ন সময়ে যোগাযোগ করে মেরামত করে চালু করা হয়েছিল। কিন্তু গত ২২/০৪/২০২৬ ইং তারিখে এটি আবারও নষ্ট হয়। সেই প্রেক্ষিতে বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ পরবর্তী ত্রুটি নির্ণয় করা হয়। বর্তমানে ব্যবহৃত ওজোন জেনারেটরটির ১টি অক্সিজেন কনসেন্ট্রেটর মডিওলটির মটরসহ অন্যান্য নষ্ট হয়ে গেছে। উল্লেখ্য যে, বোতল পানি সংরক্ষণ ওজোন ছাড়া সম্ভব নয়। তাই Ozone generator টি দ্রুত মেরামত করা প্রয়োজন।

০২। উক্ত কাজ দ্রুত সম্পাদনের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক কোটেশন সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত কোটেশনের ভিত্তিতে একটি প্রাক্কলন (ক্রমিক নং- ৫) তৈরী করা হয়েছে। প্রাক্কলিত ২৩,৭২৫/- (তেইশ হাজার সাতশত পঁচিশ টাকা মাত্র) টাকার কাজটি বোপাউপ্যার ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার Spare Parts (01-04-024) খাতের আওতায় SL. No-66 হতে নির্বাহ করা যেতে পারে। DoFP অনুযায়ী অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

০৩। আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট অ্যাক্ট PPA-2006 এবং বিবিমালা PPR-2025 এর ১০০(১) বিধি অনুসরণে সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে সম্পন্ন করা যেতে পারে। পরবর্তীতে আলোচ্য কাজের প্রকৃত ব্যয় সমূহ ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

০৪। এমতাবস্থায় উপরোক্ত অনুচ্ছেদ নং - ০১ হতে ০৩ এর বর্ণনার আলোকে কর্তৃপক্ষের কাজের স্বার্থে “শান্তি” বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের Ozone generator মেরামত কাজের নিম্নোক্ত প্রস্তাব অনুমোদন করা যেতে পারে।

ক। উল্লেখিত কাজে ২৩,৭২৫/- (তেইশ হাজার সাতশত পঁচিশ টাকা মাত্র) টাকা প্রাক্কলনটির অনুমোদন।

খ। কাজটির ব্যয়ভার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের ২০২৫-২৬ অর্থ বৎসরের বার্ষিক ক্রয় পরিকল্পনার Spare Parts(01-04-024) খাতের আওতায় SL. No-66 হতে নির্বাহ করার অনুমোদন।

গ। উক্ত কাজটি উপরোক্ত শর্তাবলীসহ PPR-2025 এর ১০০(১) বিধি অনুসরণে সরাসরি নগদ ক্রয় পদ্ধতি এর মাধ্যমে সম্পন্নের অনুমোদন।

ঘ। সংশ্লিষ্ট কাজের প্রকৃত ব্যয় সমূহ ভাউচারের মাধ্যমে সমন্বয়ের কাজটি Procuring Entity হিসেবে Plant Manager, BWPP, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন।

Shamir
19.05.26
ইমাম হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
বোপাউপ্যার, ঢাকা ওয়াসা।

Sam
20/05/26
মোঃ জহির উদ্দিন বাবর
রসায়নবিদ
বোপাউপ্যার, ঢাকা ওয়াসা।

PM
19/5/26
প্রকৌশলী মোঃ জয়নাল আবদীন
প্ল্যান্ট ম্যানেজার
বোপাউপ্যার, ঢাকা ওয়াসা।

০৫। প্রকৃত অনুমোদিত,

PM, BWPP

Samir
21/05/26
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।